

## এসএসসির ফরম পূরণে নেয়া অতিরিক্ত টাকা ফেরত পায়নি শিক্ষার্থীরা

■ পৌরীপুর (ময়মনসিংহ) সিবোদদাতা হাইকোর্টের নির্দেশের পরও এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের নিকট থেকে ফরম পূরণের জন্য আদায়কৃত অতিরিক্ত টাকা ফেরত পায়নি পৌরীপুরের শিক্ষার্থীরা।

ওই টাকা ফেরতের দাবিতে বিক্ষোভ মিছিল করে স্মারকলিপি দিলেও তা কাজে আসেনি। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. জাহাঙ্গীর হোসেন জানান, স্মারকলিপিতে দেয়া অভিযোগ

অনুসারে বিভিন্ন বিদ্যালয় থেকে এসএসসির দু'হাজার ২৩১ জন ও দাখিলের ৫৮৪ জনের নিকট থেকে প্রায় তিনহাজার টাকা করে ৮৪ লাখ ৪৫ হাজার টাকা অতিরিক্ত আদায় করা হয়েছে।

অতিরিক্ত অর্থ ফেরত দেয়ার জন্য শিক্ষা সচিব নজরুল ইসলাম খান গত ১৪ জানুয়ারি পরিপত্র জারি করেন। কিন্তু তা পৌরীপুরে কার্যকর হয়নি। গত ১০ মার্চ নুরুল আমিন খান উচ্চ

বিদ্যালয়ের পরীক্ষার্থীরা উপজেলা নির্বাহী কর্মকর্তা দুর-রে-শাহওয়াজের নিকট স্মারকলিপি প্রদান করে শিক্ষার্থীরা।

স্মারকলিপি প্রদানকালে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দুর-রে-শাহওয়াজ। প্রায় ৮ মাস পর টাকা ফেরত দেয়নি শোনে বিষয় প্রকাশ করে তিনি আবারও জানান, অবশ্যই টাকা ফেরতের ব্যবস্থা নেয়া হবে।